# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫২৬

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৩. যিনি ইলম লিপিবদ্ধ করার অনুমতি প্রদান করেন

بَابُ مَنْ رَخَّصَ فِي كِتَابَةِ الْعِلْمِ

আরবী

أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مَنْصُورٍ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ حَدَّثَنَا أَبُو غِفَارٍ الْمُثَنَّى بْنُ سَعْدٍ الطَّائِيُّ حَدَّثَنِي عَوْنُ بْنُ عَبْدِ اللَّهِ قَالَ قُلْتُ لِعُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ [ ص: 140 ] حَدَّثَنِي فُلَانٌ رَجُلٌ مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَعَرَفَهُ عُمَرُ قُلْتُ حَدَّثَنِي أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ الْحَيَاءَ وَالْعَفَافَ وَالْعِيَّ عِيَّ اللِّسَانِ لَا عِيَّ الْقَلْبِ وَالْفِقْهَ مِنْ الْإِيمَانِ وَهُنَّ مِمَّا يَزِدْنَ فِي الْآخِرَةِ وَيُنْقِصْنَ مِنْ الدُّنْيَا وَمَا يَزِدْنَ فِي الْآخِرَةِ أَكْثَرُ وَإِنَّ الْبَذَاءَ وَالْجَفَاءَ وَالشُّحَّ مِنْ النِّفَاقِ وَهُنَّ مِمَّا يَزِدْنَ فِي الدُّنْيَا وَيُنْقِصْنَ فِي الْآخِرَةِ وَمَا يُنْقِصْنَ فِي الْآخِرَةِ أَكْثَرُ

إسناده صحيح

বাংলা

৫২৬. আউন ইবনু আব্দুল্লাহ বলেন, আমি উমার ইবনু আব্দুল আযীয রাহি.-কে বললাম: আমাকে অমুক ব্যক্তি অর্থাৎ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এক সাহাবী হাদীস বর্ণনা করেছেন। ফলে তিনি তাঁকে চিনতে পারলেন। আমি বললাম: তিনি আমার নিকট বর্ণনা করেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: নিশ্চয় লজ্জা, পবিত্রতা/সংযম ও অক্ষমতা- ক্বলবের (অন্তরের) অক্ষমতা নয়, জবানের অক্ষমতা- এবং বুদ্ধিমত্তা (ফিকহ) ঈমানের অঙ্গ। এগুলো আখিরাত (এর নেয়ামত)-কে বৃদ্ধি করবে আর দুনিয়া (-এর ভোগ-সামগ্রী)-কে কমিয়ে দেবে। তবে আখিরাত (এর নেয়ামত) বৃদ্ধি পাওয়াই হলো সর্বাধিক (বৃদ্ধি)। অপরদিকে অশ্লীলতা, কঠোরতা ও কৃপণতা (বা লোভ) নিফাক (মুনাফিকী’) হতে (উদ্ভূত)। আর এগুলো দুনিয়া (-এর ভোগ-সামগ্রী)-কে বাড়িয়ে দেবে এবং আখিরাত (এর নেয়ামত)-কে কমিয়ে দেবে। আর যা আখিরাতকে কমিয়ে দেয়, সেটাই হলো সর্বাধিক (কমতি)।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: একই সনদে অন্য কোথাও আমি পাইনি। তবে অন্য সনদে বর্ণনা করেছেন তাবারাণী, আল কাবীর ১৯/২৯ নং ৬৩; বুখারী, আল কাবীর ২/৮৮ ও ৭/১৮১; ফাসাওয়ী, মা’রেফাত ওয়াত তারীখ ১/৩১১; বাইহাকী, শাহাদাত ১০/১৯৪; আবু নুআইম, হিলইয়া ৩/১২৫; ইবনু আবিদ দুনিয়া, মাকারিমুল আখলাক্ব নং ৮৭- যয়ীফ সনদে। ইবনু আবী শাইবা ১৪/২১ নং ১৭৪২৩ অপর একটি যয়ীফ সনদে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আউন ইবনু আব্দুল্লাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75902

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন